# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬২৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৩০]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ১৩: আল্লাহর রসূল (সা.) -এর রাতের সালাতের উল্লেখ

باب ذِكْرِ صَلاَةِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم بِاللَّيْلِ

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، قال: حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي مُلَيْكَةَ، عَنْ يَعْلَى بْنِ مَمْلَكٍ، أَنَّهُ سَأَلَ أُمَّ سَلَمَةَ زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ قِرَاءَةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَنْ صَلَاتِهِ، فَقَالَتْ: مَا لَكُمْ وَصَلَاتَهُ كَانَ يُصَلِّي ثُمَّ يَنَامُ قَدْرَ مَا صَلَّى، ثُمَّ يُصَلِّي قَدْرَ مَا نَامَ ثُمَّ يَنَامُ قَدْرَ مَا صَلَّى حَتَّى يُصْبِحَ، ثُمَّ نَعَتَتْ لَهُ قِرَاءَتَهُ فَإِذَا هِيَ تَنْعَتُ قِرَاءَةً مُفَسَّرَةً حَرْفًا حَرْفًا .

تخریج دارالدعوہ: انظر حدیث رقم: ١٠٢٣ (ضعیف) (سند میں یعلی بن مملک لین الحدیث ہیں)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1630 - ضعيف

বাংলা

১৬২৯. কুতায়বাহ্ (রহ.) ..... ইয়া'লা ইবনু মামলাক (রহ.) হতে বর্ণিত। তিনি নবী (সা.) -এর স্ত্রী উম্মু সালামাহ (রাঃ)-কে রসূলুল্লাহ (সা.) -এর কুরআন তিলাওয়াত এবং তাঁর সালাত সম্পর্কে প্রশ্ন করলে তিনি বললেন, তোমরা তাঁর সালাত সম্পর্কে জেনে কি করবে? তিনি সালাত আদায় করতেন এবং যে পরিমাণ সময় সালাত আদায় করছিলেন সে পরিমাণ সময় ঘুমিয়ে থাকতেন। আবার যে পরিমাণ সময় ঘুমাতেন সে পরিমাণ সময় সালাত আদায় করতেন। অতঃপর যে পরিমাণ সময় সালাত আদায় করছিলেন সে পরিমাণ ঘুমিয়ে থাকতেন সকাল পর্যন্ত। অতঃপর তিনি ইয়া'লা (রাঃ)-এর কাছে কিরা'আত সম্পর্কে বললেন তিনি থেমে থেমে স্পষ্টভাবে কুরআন পাঠ করতেন।

## English

Mentioning the prayer of the Messenger of Allah (SAW) at night

It was narrated from Ya'la bin Mamlak that he asked Umm Salamah, the wife of the Prophet (ﷺ) about the recitation and prayer of the Messenger of Allah (ﷺ). She said: What do you want to know about his prayer (I.e., you can never match it)? He used to pray, then sleep for as long as he had prayed, then he would pray as long as he had slept, then he would sleep as long as he had prayed, until dawn came. Then she described to him his recitation, and she described a clear recitation in which every letter was distinct.

### ফুটনোট

সনদ দুর্বলঃ সনদে ইয়া'লা ইবনু মালিক মাকবুল বর্ণনাকারী; ইমাম বুখারী “খলকু আফ'আলিল 'ইবাদ” (৪/৫১) ১৩২, আবূ দাউদ ১৪৬৬, তিরমিযী ২৯২৩; সহীহ ইবনু খুযায়মাহ ১১৫৮। [দ্রঃ ১০২২]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90125

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন